

# ভারত

## বিনয় মজুমদার

আমি — কী সুন্দর বাঁধা কপির খেত বানিয়োছে, দেখেছ অমলেন্দু।

অমলেন্দু — হ্যাঁ, প্রত্যেক বছরই বানায়! দেখি তো আমি প্রতি বছর।

আমি — বাঁধা কবির ক্ষেত্রে চেয়ে কত উচু এই বাসের রাস্তা দেখেছ।

অমলেন্দু — খুব বেশি উচু করে ফেলেছে রাস্তাটা।

আমি — বলো তো আফ্রিকা মহাদেশে কটা দেশ। দেশ মানে যেমন মিশর একটি দেশ, উগাঞ্চা একটি দেশ। এই রকম মোট কটা দেশ আছে আফ্রিকা মহাদেশে।

অমলেন্দু — তা তো জানি না।

আমি — ইস্কুলে তো পড়িয়েছিল আফ্রিকা মহাদেশে কটা দেশ।

অমলেন্দু — ভুলে গেছি।

আমি — ভুলে যাওয়া খুবই স্বাভাবিক। যাই হোক আমাদের বাড়িতে একখানা ভুগোলের বই আছে। তাতে দেখলাম আফ্রিকাতে ৪৮টি দেশ।

অমলেন্দু — আটচল্লিশটা!

আমি — হ্যাঁ। এখন বলো এই ৪৮ টি দেশের নাম কী তোমার মুখস্থ আছে?

অমলেন্দু — না তো। আপনার আছে মুখস্থ?

আমি — না, নেই। দুটো তিনটে দেশের নাম মনে আছে। তার পরে ধরো এশিয়ার কটা দেশ তোমার মনে আছে?

অমলেন্দু — না।

আমি ঠাকুরনগর হাট থেকে আমি এখানা পৃথিবীর মানচিত্র কিনেছিলোম। এই মানচিত্রে লেখা ছিল ১৫২ টি দেশ রাষ্ট্রসংঘে আছে।

অমলেন্দু — রাষ্ট্রসংঘ মানে ইউ, এন, ও?

আমি — হ্যাঁ। এখন দেখ সারা পৃথিবীর এই একশ বাহান্তি দেশের মধ্যে কটা নাম তোমার আমার জানা আছে। মুখস্থ আছে।

অমলেন্দু — আমরা এশিয়ার লোক। এশিয়ায় কটা দেশ আছে?

আমি — হয় ৩৮টা কিংবা ৩৯টা। অথচ এই এশিয়ার সব দেশের নাম আমার মনে নেই। বোঝা যাচ্ছে এশিয়ার সব দেশের নাম তোমারো মনে নেই।

অমলেন্দু — নেই।

আমি — এর থেকে আমরা কী সিদ্ধান্তে আসতে পারি? পৃথিবীর ১৫২টা দেশের মধ্যে বহু চেষ্টা করে ৫২টি দেশের নাম বলতে পারি।

আর বাকি ১০০টি দেশের নাম জানি না।

অমলেন্দু — আমারও সেই অবস্থা।

আমি — ইস্কুলে যে ভুগোল পড়ায় তার কথাটি ভাবো।

অমলেন্দু — একশ বাহান্তি দেশের নাম বই না দেখে সেও বলতে পারবে না। অসম্ভব, ও ভুগোলের শিক্ষকও বলতে পারবে না।

আমি — তবে? ধরো আমি আর তুমি যেমন হেঁটে যাচ্ছি পথ দিয়ে গল্প করতে করতে। তেমনি হঞ্চুরাসের দুই যুবক ও হঞ্চুরাসের রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছে।

আমি — জানি না তো। তবে হঠাৎ হঞ্চুরাস শব্দটি মনে এল। হঞ্চুরাসের লোকজনও ইস্কুলে ভুগোল পড়ে। তার পরে মাঝে বয়সে হঞ্চুরাসের লোক-জনেরা গোটা পথগুলি দেশের নাম বলতে পারে, আর বাকি একশ দেশের নাম ভুলে যায় ঠিক তোমার আমার মতো। এটা মাঝে কিনা?

অমলেন্দু — তা মানি। বাড়িতে একটা পৃথিবীর মানচিত্র টাঙিয়ে রাখলে যদি কিছু হয়।

আমি — আমার ঘরে পৃথিবীর মানচিত্র টাঙানো রয়েছে এখনো।

অমলেন্দু — তবে তো দাদা কোনো আশা নেই। কত দেশের নাম ভুলে গেছি কে জানে?

অমলেন্দু — না তো—

আমি — নিউ ফাউণ্ডল্যাণ্ড নামে একটি দেশ আছে জানো?

অমলেন্দু — না তো—

আমি — এই বার আসল কথায় আসি। ভারত নামে- যে একটা দেশ আছে পৃথিবীর সবাই কি তা জানে?

অমলেন্দু — জানে না তো।

আমি — ইত্যাদি ইত্যাদি।